



## Embassy of the People's Republic of Bangladesh

3-29, Kioicho  
Chiyoda-ku, Tokyo 102-0094  
Tel: (03)- 3234 5801  
Fax: (03)- 3234 5802

প্রেস রিলিজ

টোকিও, ৫ আগস্ট ২০২০

### জাপানে শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী উদযাপিত

আজ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আদরের ছোট ভাই শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী। শ্রদ্ধা আর অফুরন্ত ভালোবাসার সাথে দিবসটি উদযাপন করেছে জাপানের টোকিওস্থ বাংলাদেশ দূতাবাস।

আজ (০৫/০৮/২০২০) বুধবার বিকালে অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদ সদস্যদের আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

পরে চার্জ দ্যা এফেয়ারস ড. শাহিদা আকতার, তাঁর বক্তব্যে শেখ কামালের কর্মময় জীবন সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি বলেন, শেখ কামাল ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা এবং মুক্তি বাহিনীর গেরিলা যুদ্ধের অন্যতম সংগঠক। মহান মুক্তিযুদ্ধ চলাকালীন তিনি মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জেনারেল আতাউল গণি ওসমানীর এডিসি হিসাবেও দায়িত্ব পালন করেন।

রাজনৈতিক পরিবারে জন্ম নিয়েও শেখ কামাল খুবই সাধারণ জীবনযাপন করতেন। তিনি ছিলেন একাধারে সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠক। তিনি যেমন ছায়ানটে সৈতার রাজিয়েছেন, তেমনি আবাহনী ক্রীড়া চক্র নামক ঐতিহ্যবাহী ফুটবল ক্লাব প্রতিষ্ঠা করেছেন। এছাড়া বহুমুখী প্রতিভার অধিকারী শেখ কামাল ছিলেন ঢাকা থিয়েটার ও স্পন্দন শিল্পীগোষ্ঠীর অন্যতম প্রতিষ্ঠাতা সংগঠক।

শেখ কামাল যার শরীরে বঙ্গবন্ধুর রক্ত বহমান ছিলো, তিনি ছিলেন অনেক গুণের অধিকারী অর্থাৎ আদর্শ বাবার আদর্শ সন্তান। স্বাধীনতার পর বঙ্গবন্ধু যখন দেশ পুনর্গঠনে ব্যস্ত তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সদস্য শেখ কামাল দেশের ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনকে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার কাজে নিয়োজিত ছিলেন। তারুণ্যের প্রতীক শেখ কামাল বেঁচে থাকলে হয়তো বর্তমান বাংলাদেশের নেতৃত্ব দিতেন, গড়ে তুলতেন আধুনিক ও প্রগতিশীল বাংলাদেশ। আমাদের দুর্ভাগ্য ১৯৭৫ সালের ১৫ আগস্ট কালরাতে বঙ্গবন্ধুসহ পুরো পরিবারের সাথে শেখ কামালকেও আমরা হারিয়েছি।

অনুষ্ঠানের পরবর্তী পর্যায়ে বাংলাদেশে আধুনিক ক্রীড়ার রূপকার শেখ কামালের কর্মজীবন, ত্যাগ ও সংগ্রামের উপর উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয় এবং তথ্যচিত্র প্রদর্শন করা হয়।

মুহা. শিপলু জামান  
প্রথম সচিব (প্রেস)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর  
জ্যেষ্ঠপুত্র মুক্তিযোদ্ধা শহীদ

# শেখ কামালের ৭১তম জন্মবার্ষিকী

৫ আগস্ট ২০২০

বাংলাদেশ দূতাবাস, টোকিও

Embassy of Bangladesh  
Tokyo

member, Bangladesh is a sovereign  
pendent state. Bangladesh will  
ain independent. No one can  
ress Bangladesh.

**Father of the Nation  
Bangabandhu Sheikh  
Mujibur Rahman**

Embassy of Bangladesh, Tokyo



**Embassy of the People's  
Republic of Bangladesh**

3-29, Kioicho  
Chiyoda-ku, Tokyo 102-0094  
Tel: (03)- 3234 5801  
Fax: (03)- 3234 5802

Press Release  
Tokyo, 05 august 2020

**Tokyo Mission celebrated 71<sup>st</sup> Birth Anniversary of Shahid Sheikh Kamal**

Embassy of Bangladesh in Tokyo, Japan today (05-08-2020) observed the 71<sup>st</sup> Birth Anniversary of Shahid Sheikh Kamal, the eldest son of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman in a befitting manner.

The program started with offering a special prayer (munajat) in presence of Chargé d' affaires (CDA) Dr. Sahida Akter and officials of the Embassy.

Later, in her remarks CDA, highlighted the vibrant life of Shahid Sheikh Kamal, specially his contribution in our liberation war, promotion of culture and sports. Dr. Sahida focused on the political wisdom, vision for the post-war development of the country, distinguished achievements in his short span of life of multitalented Sheikh Kamal.

An open discussion on the life of Shahid Kamal was held following the address of CDA. As the last element of the program, a documentary was screened highlighting the life sketch of Sheikh Kamal. The program was concluded by thanking everyone for their spontaneous participation and cooperation.

  
05.08.2020

Md. Shiplu Zaman  
First Secretary (Press)



Bangladesh from its very inception has adopted a non-aligned policy based upon the principles of persistence and friendship towards...  
**Father of the Nation**  
**Bangabandhu Sheikh Mujibur Rahman**  
 (25 September 1974 at the 29<sup>th</sup> UN General Assembly)  
 Embassy of Bangladesh, Tokyo

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর  
 ক্যেটপুত্র মুজিবোচ্চা শহীদ  
**শেখ কামালের**  
**৭১তম জন্মবার্ষিকী**  
 ৫ আগস্ট ২০২০  
**বাংলাদেশ দূতাবাস, টোকিও**

Bangladesh is a sovereign state. Bangladesh will be independent. No one can control Bangladesh.  
**Father of the Nation**  
**Bangabandhu Sheikh Mujibur Rahman**  
 Embassy of Bangladesh, Tokyo

Embassy of Bangladesh  
 Tokyo